

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ৩১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পররাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৯ পৌষ ১৪২৩/১২ জানুয়ারি ২০১৭

নং ইউএন-জেন-৫০১৩/১৬/৪৫—মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৯ সেপ্টেম্বর ২০১৩ তারিখ বাংলাদেশে অবস্থানরত মিয়ানমার শরণার্থী এবং অবৈধ অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের বিষয়ে প্রণীত জাতীয় কৌশলপত্র অনুমোদনের প্রেক্ষিতে এর লক্ষ্যসমূহ বাস্তবায়নে পরিকল্পনা প্রণয়ন ও এ সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত নিম্নরূপ টাস্কফোর্স গঠন করা হলো:

(ক) টাস্কফোর্সের গঠন:

- | | | |
|-----|---|---------|
| (১) | পররাষ্ট্র সচিব | -সভাপতি |
| (২) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন] | -সদস্য |
| (৩) | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন] | -সদস্য |
| (৪) | প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন] | -সদস্য |
| (৫) | প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন] | -সদস্য |
| (৬) | প্রতিনিধি, অর্থ মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন] | -সদস্য |
| (৭) | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন] | -সদস্য |
| (৮) | প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন] | -সদস্য |

(১১০৫)

মূল্য : টাকা ৪.০০

(৯)	প্রতিনিধি, বাংলাদেশ পুলিশ [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(১০)	প্রতিনিধি, সশস্ত্র বাহিনী বিভাগ [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(১১)	প্রতিনিধি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(১২)	প্রতিনিধি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(১৩)	প্রতিনিধি, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(১৪)	প্রতিনিধি, পরিবেশ ও বন মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(১৫)	প্রতিনিধি, পানি সম্পদ মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(১৬)	প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(১৭)	প্রতিনিধি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(১৮)	প্রতিনিধি, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(১৯)	প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(২০)	প্রতিনিধি, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(২১)	প্রতিনিধি, এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো	-সদস্য
(২২)	প্রতিনিধি, ডিরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইন্টেলিজেন্স (ডিজিএফআই)	-সদস্য
(২৩)	প্রতিনিধি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই)	-সদস্য
(২৪)	প্রতিনিধি, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)	-সদস্য
(২৫)	প্রতিনিধি, বাংলাদেশ কোস্টগার্ড	-সদস্য
(২৬)	প্রতিনিধি, গণস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর [যুগ্ম সচিব বা সমমর্যাদা সম্পন্ন]	-সদস্য
(২৭)	প্রতিনিধি, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার	-সদস্য
(২৮)	জেলা প্রশাসক, কক্সবাজার	-সদস্য
(২৯)	সিভিল সার্জন, কক্সবাজার	-সদস্য
(৩০)	মহা-পরিচালক, জাতিসংঘ অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়	-সদস্য সচিব

(খ) টাস্কফোর্সের কার্যপরিধি:

বাংলাদেশে অবস্থানরত মিয়ানমার শরণার্থী এবং অবৈধ অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের বিষয়ে গৃহীত জাতীয় কৌশলপত্রের আলোকে নিম্নলিখিত লক্ষ্যসমূহ বাস্তবায়নে নীতি প্রণয়ন ও এ সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা:

- (১) বাংলাদেশে অবৈধভাবে অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিক/জনগোষ্ঠীর জরিপ/তালিকাকরণ;
- (২) তালিকাভুক্ত ব্যক্তিদের মৌলিক চাহিদা সংস্থান;
- (৩) বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত ব্যবস্থাপনা জোরদারকরণ;
- (৪) মিয়ানমার সরকারের সাথে আঞ্চলিক ও আন্তর্জাতিক কূটনৈতিক তৎপরতা অব্যাহত রাখা;
- (৫) বাংলাদেশে অবস্থানরত মিয়ানমার শরণার্থী এবং অবৈধ অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের বিষয়ে জাতীয় পর্যায়ে সমন্বয় সাধন।

(গ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের জাতিসংঘ অনুবিভাগ উক্ত 'টাস্কফোর্স'-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঘ) 'টাস্কফোর্স' সকলের সম্মতিক্রমে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। এই আদেশ ২৪ শে অক্টোবর ২০১৩ তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য করা হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

মো. শহীদুল হক
পররাষ্ট্র সচিব।